বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১১ তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ০৭ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৯০২ তম কমিশন সভা অদ্য ০৭/০৩/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১। কমিশন অদ্যকার সভায়, 'MK Footwear PLC' এর ৫৫ (পঞ্চান্ন) কোটি টাকা মূল্যের ৮ বছর মেয়াদী Non-Convertible Fully Redeemable Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার কুপন রেট SMART+ 2% Margin এবং কুপন রেঞ্জ ৯%-১১.৫%। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে 'MK Footwear PLC' এর buyer Compliance এবং working capital এর প্রয়োজনীয়তা মেটাতে ব্যবহার করবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে Community Bank Investment Limited এবং Arranger হিসাবে কাজ করেছে Alpha Capital Management Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

২। কমিশন অদ্যকার সভায়, 'Techno Drugs Limited' এর আবেদনের প্রেক্ষিতে ১০০.০০ কোটি টাকা বুক বিল্ডিং পদ্ধতিতে Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 অনুযায়ী প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই IPO এর মাধ্যমে ১০০.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি নতুন যন্ত্রপাতি ক্রয়, বিএমআরই (নরসিংদী ফ্যাক্টরি), ভবন নির্মাণ (গাজীপুর ফ্যাক্টরি), আংশিক ঋণ পরিশোধ এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে জুন ২০২৩ সালের আর্থিক বিবরনী অনুযায়ী পুন:মূল্যায়ন সহ শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share with Revaluation Surplus) ২৭.৭৪ টাকা, পুন:মূল্যায়ন ছাড়া শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share without Revaluation Surplus) ২২.৫৭ টাকা, শেয়ার প্রতি আয় ২.০৮ টাকা এবং বিগত ৫ বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় ৩.২৫ টাকা। 'Techno Drugs Limited' cut off price এর 30% discount এ সাধারণ বিনিয়োগকারীর (General Public) নিকট শেয়ার ইস্যু করবে। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ইম্পেরিয়াল ক্যাপিটাল লিমিটেড এবং ইবিএল ইনভেস্টমেন্টস লিমিটেড। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

07-03-2024
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র